গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯.**৬৬৭**

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯ / ১২ মে ২০২২

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

**বিষয়: চলতি ২০২১-২২ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।**

জনাব স্বপন ভট্টাচার্য্য, এম.পি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর গত ০১ ডিসেম্বর ২০২১ তারিখের ডিও পত্রের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র নির্দেশনা অনুযায়ী জেলা পরিষদ, যশোর কর্তৃক নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে **(কোড নং-২২১০০০৬০০)** 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে **(অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭)** উক্ত জেলা পরিষদের অনুকূলে ১৫০.০০ লক্ষ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| **ক্র:** | **জেলা পরিষদ** | **প্রকল্পের নাম** | **বরাদ্দকৃত অর্থ** |
|---|---|---|---|
| ১. | জেলা পরিষদ, যশোর | যশোর জেলার মনিরামপুর উপজেলা সদরে ৪(চার) তলা বিশিষ্ট একটি আধুনিক ডাকবাংলো নির্মাণ। | ১৫০.০০ লক্ষ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা |

২। এ ব্যয় চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বি ভাগের গত ০১ আগস্ট ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০১৮.২০১৭-৩০৭ নং স্মারক, ২৬ ডিসেম্বর ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১০০৬.২০১১-৪৭৪ নং স্মারক এবং ১৩ মার্চ ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৯৫ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

(১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
(২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
(৩) এ সংক্রান্ত অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২২ এর মধ্যে সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে।

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

22/05/2022

এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯.**৬৬৭**

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯ / ১২ মে ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. জনাব স্বপন ভট্টাচার্য্য, এম.পি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃ. আ. উপসচিব (বাজেট-১১ অধিশাখা)।
৩. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ।
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, যশোর।
১০. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, যশোর জেলা।
১২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-(**এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো**)।

22/05/2022

এ কে এম মিজানুর রহমান
উপসচিব

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

স্বপন ভট্টাচার্য্য, এম.পি
প্রতিমন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

ডিও.নং-৪৭.০০.০০০০.০০৪.৯৯.২০২১.

১৬ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ ঃ
০১ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ

প্রিয় মহোদয়
শুভেচ্ছা নিবেন।

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, আমার নির্বাচনী এলাকা ৮৯, যশোর-৫ মনিরামপুর উপজেলা বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের অন্যতম একটি বৃহত্তর উপজেলা। উপজেলা সদরে ১৯৮২ সালে নির্মিত ২(দুই) কক্ষ বিশিষ্ট পুরাতন একটি ডাকবাংলো রয়েছে। ডাকবাংলোটি বর্তমানে জরাজীর্ণ ও বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে। উক্ত স্থানে একটি নতুন ডাকবাংলো নির্মাণ করা প্রয়োজন। উল্লেখ্য, সরকারি/বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাগণ প্রায়শঃই অফিসিয়াল কাজে উপজেলা সদরে আগমন করে থাকেন। মণিরামপুর উপজেলা সদরে ডাকবাংলোটি জরাজীর্ণ থাকায় সরকারি কাজে আসা কর্মকর্তাগণকে ডাকবাংলোতে স্থান দিতে না পারায় স্থানীয় প্রশাসনকে প্রায়ই বিব্রতকর অবস্থায় পড়তে হয়। তৎপ্রেক্ষিতে পুরাতন ডাকবাংলোটি ভেঙ্গে/পার্শ্বস্থ স্থানে একটি আধুনিক ডাকবাংলো নির্মাণের জন্য জেলা পরিষদের মাসিক সভায় ডাকবাংলোটি নির্মাণের জন্য আলোচনা হয়েছে। এ বিষয়ে যশোর জেলা পরিষদ কার্যালয় হতে মণিরামপুর উপজেলা সদরে টাইপ প্লান অনুযায়ী ৪(চার) তলা বিশিষ্ট একটি আধুনিক ডাকবাংলো নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগে একটি প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, মণিরামপুর উপজেলা সদরে টাইপ প্লান অনুযায়ী ৪(চার) তলা বিশিষ্ট একটি আধুনিক ডাকবাংলো নির্মাণের নিমিত্তে প্রয়োজনীয় অর্থ বরাদ্দসহ প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য আপনার ব্যক্তিগত উদ্যোগ ও সুদৃষ্টি কামনা করছি।

ধন্যবাদান্তে

আন্তরিকভাবে আপনার

(স্বপন ভট্টাচার্য্য, এমপি)

জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ডাইরী নং-
তারিখ:
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা

ডায়েরী নং
তারিখ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
(মন্ত্রীর দপ্তর)

ডায়েরি নং ২৫২৭ তারিখ
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয়ও কাউন্সিল/জেপ)
যুগ্মসচিব(প্রশাসন)

অতি:/যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর তারিখ
অতিরিক্ত সচিব (প্রশাসন)